জীবন বৃত্তান্ত

জনাব মো. সাখাওয়াত হোসেন এর জন্ম ডিসেম্বর ১৯৭০ মুন্সিগঞ্জ জেলায়। তাঁর পিতার নাম মো.মোফাজ্জল হোসেন ও মাতার নাম রহিমা বেগম। তিনি আদমজী হাই স্কুল হতে এস.এস.সি এবং সরকারি বি এল কলেজ হতে এইচ.এস.সি. সম্পন্ন করে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

তিনি ২৫/০১/১৯৯৯ (১৮ তম ব্যাচ) তারিখে বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে সহকারী কমিশনার হিসেবে চাকুরী জীবন শুরু করেন। চাকুরী জীবনে তিনি সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), সিনিয়র সহকারী কমিশনার, সহকারী প্রকল্প পরিচালক (আশ্রয়ণ প্রকল্প), সিনিয়র সহকারী সচিব এবং উপসচিব হিসেবে বিভিন্ন দপ্তরে দায়িত্ব পালন করেন। তিনি গত ২২/১১/২০১৬ তারিখ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে সিঙ্গাপুর, মালয়েশিয়া, সৌদিআরবসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত। এক পুত্র ও কন্যা সন্তানের জনক।

তিনি বিভিন্ন মন্ত্রণালয় বিভাগ এবং মাঠ প্রশাসনে দায়িত্ব পালন করেছেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, এ উপসচিব হিসেবে কর্মরত ছিলেন। বিগত ২২/১১/২০১৬ তারিখ হতে তিনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত আছেন।